# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

www.ccc.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আজ ৭৬তম জন্মদিনের আলোচনা সভায় ভারপ্রাপ্ত মেয়র

**বিশ্বের সমস্যা সংকট নিরসনের পাশাপাশি শোষিত-নিপীড়িত মানুষের অধিকার আদায়ের সংগ্রামে অসামান্য অবদান রাখায় তাঁকে এখন বিশ্বানেতাদের সারিতে মর্যাদা দেয়া হয়**

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার সকালে টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভা, খতমে কোরআন, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ভারাপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম। শিক্ষিকা রুমেলা বড়ুয়ার সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, আবদুল মান্নান, আবুল হাসনাত মো. বেলাল, মোরশেদ আলী, সংরক্ষিত কাউন্সিলর আনজুমান আরা, রুমকি সেনগুপ্ত, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, রাজস্ব কর্মকর্তা শামসুল তাবরিজ, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, অতি: প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, অতি: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, মুনিরুল হুদা, আকবর আলী, সিবিত্র সভাপতি মো. ফরিদুল আলম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আফরোজা কালাম বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পরিবারের সদস্যদের হত্যাকাণ্ডের সময় ৭৫'র ১৫ আগস্ট জননেত্রী শেখা হাসিনা ছিলেন দেশর বাইরে। নির্বাষন জীন শেষে ১৯৮১ সালে দেশে ফিরেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। এরপর থেকে গত চার দশক নিজ রাজনৈতিক প্রজ্ঞা ও আপোসহীন নেতৃত্বের মাধ্যমে দেশের অসাম্প্রদায়িক-গণতান্ত্রিক রাজনীতির মূল স্রোতধারার প্রধান নেতা হিসেবে তিনি নিজেকে প্রতিষ্ঠা করেন। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের সমস্যা সংকট নিরসনের পাশাপাশি শোষিত-নিপীড়িত মানুষের অধিকার আদায়ের সংগ্রামে অসামান্য অবদান রাখায় তাঁকে এখন বিশ্বানেতাদের সারিতে মর্যাদা দেয়া হয়। তিনি বলেন, শেখ হাসিনার জন্মদিন মানে শুধুমাত্র একজন ব্যক্তির জন্মদিন নয় আমাদের স্বপ্নবুননের দিন। তিনি এখন বাংলাদেশের মুখচ্ছবি, তাঁর হাত ধরেই বাংলাদেশ আজ উন্নয়নের স্বপ্নশিখরে। তিনি আজ বাংলাদেশের আশা আকাঙ্খার মূর্তপ্রতীক।

সভাপতির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, পৃথিবীর কোন মানুষের জীবনে এত আঘাত আর বেদনা থাকলে তাঁর অবস্থা কি হয় তা আমারা জানি। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাস্তবে এক জীবন জয়ী নারী। কারণ দুঃখ, কষ্ট, বেদনাকে জয় করেন তিনি। তিনি গণমানুষের নন্দিত নেতা বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার ৭৬তম জন্মদিন উপলক্ষে তাঁর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করি।

অনুষ্ঠানের শুরুতে খতমে কোরআন, দোয়া ও মিলাদ মাহফিল শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হয়। মুনাজাত পরিচালনা করেন চসিক মাদ্রাসা পরিদর্শক মওলানা মোহাম্মদ হারুনুর রশিদ চৌধুরী।

তিনি দিনব্যাপী কোভিড ভ্যাকসিন ক্যাম্পেইন কার্যক্রমে উদ্বোধনী অনুষ্ঠানে ভারপ্রাপ্ত মেয়র

**ক্যাম্পেইন চলাকালীন সময়ে ভ্যাকসিন গ্রহণ করুন**
**কোভিড থেকে নিরাপদ থাকুন**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম বলেন, আজ প্রধানমন্ত্রী জননেত্রী শেখা হাসিনার জন্মদিন। এ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে আরো বলেন কোভিড-১৯ মহামারীতে শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে দেশের অর্থনৈতিক চাকা সচল রেখে বিনামূল্যে জনগনকে ভ্যাকসিনের আওতায় নিয়ে আসা হয়। যা বিশ্বের অনেক উন্নত দেশে এখনো সম্ভব হয়নি। শেখ হাসিনার উন্নয়ন ও অর্জনের ম্যাজিক হচ্ছে তাঁর সততা ও সাহস। আজ বুধবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে তিন দিনব্যাপী কোভিড ভ্যাকসিন কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন-স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, ডা. ইমাম হোসেন রানা, ডা. ইসং শ্রু চৌধুরী প্রমুখ।
তিনি আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় আজ থেকে আগামী তিন দিন ও এক অক্টোবর থেকে তিন দিন কোভিড-১৯ এর প্রথম, দ্বিতীয় ও বুষ্টার ডোজের কার্যক্রম চলবে। যারা এখনো টিকা গ্রহণ করেন নি। তারা দ্রুত টিকা গ্রহণ করুন। অন্যথায় আগামী ৩ অক্টোবরের পর প্রথম ডোজের কার্যক্রম বন্ধ হয়ে যাবে তখন আর প্রথম ডোজ দেয়া যাবেনা। তিনি বলেন, ভ্যাকসিন গ্রহণ নিশ্চিত করুন এবং নিরাপদে থাকুন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## নগরীর বিভিন্ন এলাকায় শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ
## ৮ ব্যক্তিকে ৩৯ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর অক্সিজেন মোড়, বঙ্গবন্ধু এভিনিউ'র অক্সিজেন-কুয়াইশ সংযোগ সড়কের নয়াহাট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের অবৈধ দোকানপাট ও আতুরারডিপো বাজার এলাকার রাস্তা দখল করে অবৈধভাবে নিয়মিত শতাধিক দোকানপাট উচ্ছেদ করে রাস্তা ও ফুটপাত দখলমুক্ত করা হয়। রাস্তা ও ফুটপাত দখল করে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় উক্ত মালামালগুলি জব্দ করা হয়। এই সময় রাস্তার উপর অবৈধভাবে গাড়ী পার্কিং করে যানজট সৃষ্টি ও রাস্তার জায়গা দখল করে অবৈধভাবে দোকান নির্মাণসহ দোকানের অংশ বর্ধিত করার দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত  সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।
স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর পাহাড়তলীর আমবাগানের সড়কের অবৈধভাবে নির্মাণ সামগ্রী ও লোহার এঙ্গেল রেখে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৭ হাজার টাকা  জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩